শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# পার্বতীপুর উপজেলা পরিষদের জুলাই, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ : ১০/০৭/২০২৩ খ্রি.
সময় : সকাল-১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-''ক''

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর'কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

০২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ

উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর গত ১২/০৬/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুন, ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনযোগ্য বিষয়াদি আলোচনা করেন এবং ১৭টি উপ-কমিটির কার্যবিবরণী সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) আইন-শৃঙ্খলা সংক্রান্তঃ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে উপ-কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| খ) যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনটির দেয়াল জরাজীর্ণ/স্যাঁতসেঁতে/ময়লা হয়ে যাওয়ায় ভবনটি মেরামতসহ রং করা অতীব প্রয়োজন। কাজটি বাস্তবায়নে প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে ইতোপূর্বে বলা হলে তিনি =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করেন। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা'র ১৬/০২/২০২০ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০২৬.০০.০০.০৫৪.২০১৩-২৬৪ নং স্মারকে জারিকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ক) নং ক্রমিকে উপজেলা পরিষদের সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১০,০০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রং করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। এক্ষণে, বিষয়টি উপজেলা পরিষদের অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।<br>(ii) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুরের সরকারি বাসভবনটি জরাজীর্ণ হয়ে যাওয়ায় দিনাজপুর জেলা কনডেমনেশন কমিটির ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখের সভায় বাসাটি কনডেম ঘোষণা করা হয় (সভার কার্যবিবরণী ১৩/০৬/২০২৩ খ্রি. তারিখে স্বাক্ষরিত)। বর্তমানে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত ০১ (এক) টি গেজেটেড কোয়ার্টারের কোন ইউনিটই খালি না থাকায় উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে মাসিক বাড়ি ভাড়া প্রদানের মাধ্যমে নিজ ঝুঁকিতে উক্ত কনডেম ঘোষিত বাসাটিতে বসবাসের জন্য ইচ্ছাপোষণ করেন। এক্ষণে, উপজেলা পরিষদের অনুমোদনের নিমিত্ত বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। | (i) সভায় বিস্তারিত আলোচনান্তে "পার্বতীপুর উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামতসহ রংকরণ" কাজটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের 'উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ' খাত হতে =৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে কোটেশন আহবানপূর্বক বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে দিনাজপুর জেলা কনডেমনেশন কমিটির ৩১/০৫/২০২৩ খ্রি. তারিখের সভায় (সভার কার্যবিবরণী ১৩/০৬/২০২৩ খ্রি. তারিখে স্বাক্ষরিত) কনডেম ঘোষিত উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবনটিতে উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর'কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে মাসিক =২,০০০/- (দুই হাজার) টাকা বাড়ি ভাড়া প্রদান সাপেক্ষে নিজ ঝুঁকিতে বসবাসের জন্য বাসাটি ১৩/০৬/২০২৩ খ্রি. তারিখ থেকে ভূতাপেক্ষভাবে বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর |



CS CamScanner

<table>
<tr><th colspan="2">উপ-কমিটির নিয়মিত আলোচনা:</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>(iii) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর-(১) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সভাকক্ষে ডিজিটাল ডিসপ্লে, পিএ সিস্টেম স্থাপন বাবদ =২৫,১৮,২২৭/- টাকা; (২) উপজেলা পরিষদের নতুন হলরুমে ডিজিটাল ডিসপ্লেসহ সাউন্ড সিস্টেম স্থাপন বাবদ =২৭,১৪,২২১/- টাকা; (৩) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর সভাকক্ষ এবং হলরুমে আসবাবপত্র সরবরাহ ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন বাবদ =৩৫,২২,৭৮৫/- টাকা; সর্বমোট =৮৭,৫৫,২৩৩/- টাকার কাজসমূহ স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়ে বাস্তবায়নের বিষয়টি সভায় উপস্থাপন করেন।</td><td>(iii) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সভাকক্ষে ডিজিটাল ডিসপ্লে, পিএ সিস্টেম স্থাপন বাবদ =২৫,১৮,২২৭/- টাকা; (২) উপজেলা পরিষদের নতুন হলরুমে ডিজিটাল ডিসপ্লেসহ সাউন্ড সিস্টেম স্থাপন বাবদ =২৭,১৪,২২১/- টাকা; (৩) উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর সভাকক্ষ এবং হলরুমে আসবাবপত্র সরবরাহ ও শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন বাবদ =৩৫,২২,৭৮৫/- টাকা; সর্বমোট =৮৭,৫৫,২৩৩/- টাকার কাজসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ে বাস্তবায়নের নিমিত্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা মহোদয়ের প্রশাসনিক অনুমোদনের নিমিত্ত পত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>গ) কৃষি ও সেচ সংক্রান্তঃ</td><td>উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে,<br>(i) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে ০১ তলাবিশিষ্ট কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুরাতন উপজেলা ভূমি অফিসের উত্তর পার্শ্বের ১২০০ বর্গফুট ফাঁকা জায়গা নির্বাচনে উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসের সভার ২(গ) নং ক্রমিকের আলোচনাক্রমে সিদ্ধান্ত থাকলেও স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সংগ্রহ না করায় কাজটি উক্ত স্থানে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বর্তমানে স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র ১২/০৬/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৫৫.১৩-২০৯ নং স্মারকে বর্ণিত নির্মাণ কাজের জন্য উপজেলা পরিষদের জমি ব্যবহারে বাস্তবতার আলোকে ইতিবাচক দৃষ্টিতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নির্দেশনা পাওয়া গেছে। উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুরাতন উপজেলা ভূমি অফিসের উত্তর পার্শ্বে ফাঁকা জায়গা থাকায় ও জায়গাটি গেইট সংলগ্ন হওয়ায় কৃষি যন্ত্রপাতি প্রবেশ ও নির্গমনে সহজসাধ্য হবে বিধায় ১২০০ বর্গফুটের সংরক্ষণাগারটি স্থাপনের জন্য বর্ণিত স্থান নির্বাচনপূর্বক স্কেচ ম্যাপ প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনার আলোকে উপজেলা পরিষদের সিদ্ধান্তের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।<br>(ii) রোপা আমন ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ২৮,৮৮২ হেক্টর জমিতে; (২) রোপা আমন ধানের সম্পূরক সেচ কার্যক্রমের সঙ্গে জড়িত দপ্তরসমূহ যেমন-বিএমডিএ ও বিএডিসি এর দৃষ্টি আকর্ষণ করা হয় যেন প্রয়োজনে সম্পূরক সেচ প্রদানে কোন সমস্যা না হয়, এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য তিনি সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td><td>(i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>(ii) সভায় বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়াধীন স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র ১২/০৬/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৫৫.১৩-২০৯ নং স্মারকের নির্দেশনার আলোকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের নিম্নোক্ত তফসিলভুক্ত জমিতে পার্বতীপুর উপজেলা কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>তফসিল<br>মৌজা: রামপুর, জেএল নং-৩৩<br><table><tr><th>খারিজ খতিয়ান নং</th><th>দাগ নং</th><th>জমির শ্রেণি</th><th>দাগে মোট জমির পরিমাণ</th><th>প্রস্তাবিত জমির পরিমাণ</th></tr><tr><td>৩২৯৪</td><td>৬৬১২</td><td>দলা</td><td>০.৪৬ একর</td><td>১২০০ বর্গফুট বা ০.০২৫৭ একর</td></tr></table></td><td>১। উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা কৃষি অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর<br><br>৩। উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>ঘ) প্রাথমিক ও গণশিক্ষা সংক্রান্তঃ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>ঙ) মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্তঃ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, (১) স্কুল ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের অনলাইন এমপিও কার্যক্রম চলমান; (২) সরকারি নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং কার্যক্রম চলমান; (৩) শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
</table>





CS CamScanner

<table>
<tr><th colspan="2">উপ-কমিটির নিয়মিত আলোচনা:</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>চ) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সংক্রান্তঃ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি।<br>i) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পার্বতীপুরের কার্যক্রম যথাযথ নিয়ম অনুযায়ী পরিচালিত হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওটির প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং রোগীদের সুপেয় পানির ব্যবস্থা করার জন্য তিনি মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ ও উপজেলা পরিষদ, পার্বতীপুর'কে আন্তরিক ধন্যবাদ জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পুকুরপাড় সংরক্ষণের জন্য গাইডওয়াল বসানো হয়েছে। গাইডওয়ালের সামনের গর্তে মাটি ভরাট করে মানুষের চলাচল ব্যবস্থা সুগম করার জন্য তিনি সভায় অনুরোধ জানান।<br>ii) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের জুন/২০২৩ মাসের প্রতিবেদন মোতাবেক সক্ষম দম্পতির সংখ্যা-৮৪,৬৬৫, পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা-৬৮,৮৬১, পদ্ধতি গ্রহণকারীর হার-৮১.৩৩%। পদ্ধতিওয়ারী জুন/২০২৩ খ্রি. মাসে পদ্ধতিগ্রহীতা নিম্নরূপঃ (১) স্থায়ী পদ্ধতি (মহিলা)-১৪ জন, (২) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-০০ জন, (৩) আইইউডি-১৬ জন, (৪) ইমপ্ল্যান্ট-৫৫ জন, (৫) ইনজেকশন-১,৪৩৫ ডোজ, (৬) খাবার বড়ি-১৩,৩৫৮ সাইকেল, (৭) কনডম-১৪,৬৮২ পিস। <u>বিতরণ ও সম্পাদনঃ</u> জুলাই/২০২২ হতে জুন/২০২৩ খ্রি. পর্যন্ত গ্রহীতা: (১) স্থায়ী পদ্ধতি মহিলা-২৭৭ জন, (২) স্থায়ী পদ্ধতি পুরুষ-৬২ জন, (৩) আইইউডি-২৮৪ জন, (৪) ইমপ্ল্যান্ট-১,৩৩৯ জন; অত্র উপজেলার জুন/২০২৩ খ্রি. মাসের নতুন গর্ভবতীর সংখ্যা-৩১১ এবং উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা-২,৭৩৪। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহের মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় জানান।</td><td>(i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br><br>(ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br><br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
<tr><td>ছ) যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্তঃ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি সভায় জানান যে, জুন/২০২৩ মাসের বিভাগীয় কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিষয়</th><th>বিবরণ</th></tr>
<tr><td>০১</td><td>মূল ঋণ তহবিল প্রাপ্ত</td><td>৪৫,৩৮,৮০০/-</td></tr>
<tr><td>০২</td><td>মুনাফা অর্জিত</td><td>২৬,২১,০৬৯/-</td></tr>
<tr><td>০৩</td><td>চলতি মাসের ঋণ বিতরণ</td><td>--</td></tr>
<tr><td>০৪</td><td>চলতি মাসে আদায়যোগ্য</td><td>১,৪৩,৬৫০/-</td></tr>
<tr><td>০৫</td><td>চলতি মাসে আদায়কৃত</td><td>২,৭৭,০৯২/-</td></tr>
<tr><td>০৬</td><td>চলতি অর্থবছরে ঋণ বিতরণ</td><td>২৫,০০,০০০/-</td></tr>
<tr><td>০৭</td><td>ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ</td><td>২,৮০,২০,৯০০/-</td></tr>
<tr><td>০৮</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়যোগ্য</td><td>২,২৭,৮৭,২০৮/-</td></tr>
<tr><td>০৯</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়কৃত</td><td>২,১৮,২০,০২২/-</td></tr>
<tr><td>১০</td><td>কিস্তি খেলাপী</td><td>৬৪,৫৪৩/-</td></tr>
<tr><td>১১</td><td>ঋণ খেলাপী</td><td>৭,৬৯,২০১/-</td></tr>
<tr><td>১২</td><td>ক্রমপুঞ্জিভূত আদায়ের হার</td><td>৯৬%</td></tr>
<tr><td>১৩</td><td>চলতি মাসের প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>০০ (জন)</td></tr>
<tr><td>১৪</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (অপ্রাতিষ্ঠানিক)</td><td>১০,৪৪২ (জন)</td></tr>
<tr><td>১৫</td><td>ক্রমপুঞ্জিভূত প্রশিক্ষণার্থীর সংখ্যা (প্রাতিষ্ঠানিক)</td><td>৫১৮ (জন)</td></tr>
<tr><td>১৬</td><td>ক্রমপুঞ্জিভূত আত্মকর্মীর সংখ্যা</td><td>৬,৩০৩ (জন)</td></tr>
<tr><td>১৭</td><td>তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪৪ টি</td></tr>
<tr><td>১৮</td><td>নিবন্ধনকৃত/স্বীকৃত যুব সংগঠনের সংখ্যা</td><td>৪৪ টি</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর</td></tr>
</table>



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| জ) মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্তঃ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের নিজস্ব মোবাইলে G2P পদ্ধতিতে ভাতার অর্থ আসবে। এক্ষেত্রে দাপ্তরিকভাবে কোন প্রকার পত্র প্রেরণ করা হবে না, তবে পর্যায়ক্রমে বিভিন্ন ইউনিয়ন ও পৌরসভায় উপকারভোগীগণ ভাতা পেয়েছেন/পাবেন; (২) ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীদের সঞ্চয়ের জমা রশিদ গ্রহণের পর খাদ্যশস্য বিতরণের জন্য মেয়র, পার্বতীপুর পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানকে তিনি অনুরোধ জানান। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো।<br>(ii) ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীদের খাদ্যশস্য বিতরণের পূর্বে সঞ্চয়ের জমা রশিদ গ্রহণপূর্বক বিতরণ নিশ্চিতকরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |
| ঝ) সমাজ কল্যাণ সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে ৪র্থ কিস্তিতে (এপ্রিল-জুন'২০২৩) উপজেলা সমাজসেবা কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর এর মাধ্যমে বাস্তবায়নাধীন বয়স্ক ভাতার মোট ১৬১১৪ জন উপকারভোগীর পেরোল, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার ৯৫৭২ জন উপকারভোগীর পেরোল, প্রতিবন্ধী ভাতার ৮১৯৭ জন উপকারভোগীর পেরোল, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির ৮৭ জন উপকারভোগীর পেরোল, অনগ্রসর জনগোষ্ঠী ভাতার ২৫ জন উপকারভোগীর পেরোল ও শিক্ষা উপবৃত্তির ১৭ জন উপকারভোগীর পেরোল সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং ইতোমধ্যে সকল ভাতাভোগী তাদের ভাতা পেয়ে গেছেন। তবে এযাবৎ ১০-১৫ জন ভাতাভোগী প্রতারকের কাছে ওটিপি কোড প্রদান করে প্রতারিত হয়েছেন, বিষয়টি খুবই দুঃখজনক। ভাতাভোগীগণ যেন কোন প্রতারকের মাধ্যমে প্রতারিত হয়ে ওটিপি কোড প্রদান না করেন, সে বিষয়ে সকল ভাতাভাগীগণকে সচেতন করার জন্য মেয়র, পার্বতীপুর পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানের প্রতি তিনি অনুরোধ জানান। এছাড়া ক্যাপিটেশন গ্রান্ট, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ, ভিক্ষুক পুনর্বাসন, আরএসএস, আরএমসি, দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। রোগী কল্যাণ সমিতি, প্রবেশন সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | ১। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর<br>২। উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |
| ঞ) মুক্তিযোদ্ধা সংক্রান্তঃ | উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| ট) মৎস্য ও প্রাণিসম্পদ সংক্রান্তঃ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। (i) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, (১) চলতি অর্থবছরে মাঠ পর্যায়ে ৮,৭২০ টি গবাদিপশু ও ৭৮,০০০ টি হাঁস-মুরগীর টিকা প্রদান, ১২৭০ টি গাভীর কৃত্রিম প্রজনন, ১১,৭৯৫ টি গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা প্রদান ধারাবাহিকভাবে চলছে; (২) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পার্বতীপুর এর জুন/২৩ মাসের বিভাগীয় কার্যক্রমঃ (১) সরকারিভাবে কৃত্রিম প্রজনন সংখ্যা-১,২৭০ টি; (২) সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ-২৭৪ টি; (৩) সরকারিভাবে টিকা প্রদান সম্প্রসারণ: (অ) গবাদি পশু-৮,৭২০ টি, (আ) হাঁস-মুরগী-৭৮,০০০ টি; (৪) গবাদিপশুর চিকিৎসা প্রদান-১,৮৯৫ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান-৯,৯০০ টি, ফ্রি-মেডিকেল ক্যাম্প-০১ টি, খামারী প্রশিক্ষণ-১,১৪০ জন, ঘাস চাষ সম্প্রসারণ-০১ একর, দুধ উৎপাদন-২,২৭০ মেট্রিক টন, মাংস উৎপাদন-১,০৮১ মেট্রিক টন, ডিম উৎপাদন-৩৭,৫০,০০০ টি। | (i) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ii) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, (১) পার্বতীপুর উপজেলার উন্নয়ন বাজেটের অর্থায়নে বিভিন্ন উন্মুক্ত ও খাস জলাশয়ে ৮৫০ কেজি কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এর মধ্যে কয়লা খনি বিলেই ৫০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এই মাছগুলো রক্ষার জন্য মাঝে-মধ্যে কিছু অভিযান পরিচালনা করা প্রয়োজন। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন; (২) ০৪ (চার) টি বিল নার্সারীতে উৎপাদিত পোনা বিলে অবমুক্ত করার মতো উপযুক্ত হয়েছে, স্থানীয় জনপ্রতিনিধিগণ সময় দিলে বিলে অবমুক্ত করা হবে; (৩) আগামী ২৪-৩০ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ, ২০২৩ উৎযাপিত হবে। উৎযাপন কমিটির সভার মাধ্যমে কার্যক্রম গ্রহণ করে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন; (৪) ক্ষতিকর কারেন্ট ও চায়না দুয়ারী জাল ব্যবহার রোধে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এ ধরণের জাল বিক্রয়ের স্থান সম্পর্কে আইন-শৃঙ্খলা বাহিনীকে তথ্য প্রদানের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (ii) বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো।<br>(iii) আগামী ২৪-৩০ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ, ২০২৩ জাঁকজমকপূর্ণ পরিবেশে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>(iv) ক্ষতিকর কারেন্ট ও চায়না দুয়ারী জাল ব্যবহার রোধে উৎপাদন ও বিক্রয় স্থানের তথ্য প্রদানসহ আইনগত ব্যবস্থা গ্রহণ/সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর<br>২। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পার্বতীপুর, দিনাজপুর<br>৩। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর<br>৪। অফিসার ইনচার্জ, পার্বতীপুর মডেল থানা পার্বতীপুর, দিনাজপুর<br>৫। ইউপি চেয়ারম্যান (সকল) পার্বতীপুর, দিনাজপুর |
| ঠ) পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্তঃ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে।<br>(i) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, অত্র মাসে কৃষি ঋণ আদায় এবং খেলাপি ঋণ আদায়ের কাজ চলমান রয়েছে।<br>ii) উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও উপজেলা সমবায় অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর<br>২। উপজেলা সমবায় অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| ড) সংস্কৃতি সংক্রান্তঃ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর |
| ঢ) পরিবেশ ও বন সংক্রান্তঃ | উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা বন কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর |
| ণ) বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্তঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গেছে। (i) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ে নতুন স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণে বলিষ্ঠ ভূমিকা রাখবে মর্মে আশা করা যায়। খাদ্যবান্ধব কর্মসূচি চলমান, ওএমএস, ভিজিডি ও ভিজিএফ খাতে চাল বিলি-বিতরণ সুষ্ঠুভাবে করা হচ্ছে। চালের মূল্য ভোক্তাগণের ক্রয়সীমার মধ্যে রয়েছে। ধান, চাল ও গম সংগ্রহ কার্যক্রম চলমান।<br>(ii) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় আরও জানান যে, পার্বতীপুর উপজেলায় ৪টি খাদ্য গুদামে ১০/০৭/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মজুদের ছক নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক পার্বতীপুর, দিনাজপুর |

| মজুদ (মেট্রিক টন) | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| গুদামের নাম | আমন ধান | আতপ চাল | বোরো চাল | মোট চাল | গম | ধান | খালি বস্তা |
| পার্বতীপুর | ৩৮৩.৯২৩ | -- | ৮৯৭.৫৮৮ | ১২৮১.৫১১ | ২৭.৮৫৫ | ৩৪৩.৫৬০ | -- |
| ভবানীপুর | ২৮৯.৭৫১ | -- | ৫২৩.৮৮০ | ৮১৩.৬৩১ | -- | ৫৫৮.০০০ | -- |
| মন্মথপুর | ৭৬৯.২৪৭ | -- | ১৬৭৭.৮৩৫ | ২৪৪৭.০৮২ | -- | ৫৭০.০০০ | -- |
| আমবাড়ী | ৭৬৫.৯৬৫ | -- | ৩১৫১.৭৭০ | ৩৯১৭.৭৩৫ | -- | ১১.০০০ | -- |
| মোট= | ২২০৮.৮৮৬ | -- | ৬২৫১.০৭৩ | ৮৪৫৯.৯৫৯ | ২৭.৮৫৫ | ১৪৮২.৫৬০ | -- |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| বাজার দর (নিচের সারণি দ্রষ্টব্য) | লক্ষ্যমাত্রা-<br>(১) ধান-২১৩২.০০০ মেট্রিক টন<br>(২) চাল-১২২৩০.৪৬০ মেট্রিক টন<br>অর্জিত পরিমাণ-<br>(১) ধান-১৬৮২.৫৬০ মেট্রিক টন<br>(২) চাল-৭১৬২.৮৮০ মেট্রিক টন | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>পার্বতীপুর, দিনাজপুর |

**বাজার দর**

| ক্র: নং | পণ্য | কেজি প্রতি দর (টাকা) | |
|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত |
| ১ | চাল (মোটা) | ৪৩/- | ৪৪/- |
| ২ | চাল (মাঝারি) | ৫৫/- | ৫৬/- |
| ৩ | ধান (মোটা) | ২৮/- | ২৯/- |
| ৪ | চিনি | ১৩০/- | ১৩৫/- |
| ৫ | গম | ৪২/- | ৪৪/- |
| ৬ | আটা | ৫০/- | ৫৫/- |
| ৭ | লবণ | ২২/- | ৪০/- |
| ৮ | সয়াবিন | ১৮০/- | ১৯০/- |
| ৯ | সরিষা তেল | ২৭০/- | ২৮০/- |
| ১০ | আলু | ৩৫/- | ৪৫/- |

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ত) অর্থ বাজেট পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্তঃ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি<br>পার্বতীপুর, দিনাজপুর |
| থ) জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্তঃ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুরের নিকট থেকে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ২৬০ টি তারা নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত তারা নলকূপের স্থাপন কাজসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পার্বতীপুর'কে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>পার্বতীপুর, দিনাজপুর |
| টি, আর কাবিখা, কাবিটা সংক্রান্তঃ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে পার্বতীপুর উপজেলায় টি.আর, কাবিখা, কাবিটাসহ অন্যান্য কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পার্বতীপুর'কে আহবান করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>পার্বতীপুর, দিনাজপুর |

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রকল্পের ধরণ | প্রকল্প সংখ্যা | মোট বরাদ্দ (টাকা) (চাল/গম/নগদ অর্থ) | ব্যয়িত (টাকা) | অব্যয়িত (টাকা) | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা উপজেলা পরিষদভিত্তিক ১ম পর্যায়) | নন-সোলার | ২৩ টি<br>১১ টি<br>১১ টি | ৬১,৫৭,৯৩২.২৯/-<br>৪১.০৫৩৩ মে: টন (চাল)<br>৪১.০৫৩৩ মে: টন (গম) | ৬১,৫৭,৯৩২.২৯/-<br>৪১.০৫৩৩ মে: টন (চাল)<br>৪১.০৫৩৩ মে: টন (গম) | -- | ১০০% |
| ২ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর উপজেলা পরিষদভিত্তিক ১ম পর্যায়) | নন-সোলার | ৩২ টি | ৪৫,৬৩,৭৯৯.৯১/- | ৪৫,৬৩,৭৯৯.৯১/- | -- | ১০০% |
| ৩ | ২০২১-২২ অর্থবছরের গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ | সেতু-কালভার্ট | ০২ টি | ১,৩৭,৭০,২৭৬.৮০/- | ১,৩৭,৭০,২৭৬.৮০/- | -- | ৭৫% (কাজের সাপেক্ষে বরাদ্দ পাওয়া যাবে) |
| ৪ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড | এইচবিবি | ০১ টি | ৬০,০৪,০০০/- | ৬০,০৪,০০০/- | -- | ১০০% |
| ৫ | ২০২২-২৩ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (১ম পর্যায়) | ওয়েজ | ৯০ টি | -- | -- | -- | ১০০% |
| ৬ | | নন-ওয়েজ | ১৮ টি | ৩০,৪১,১৯৪/- | ১৫,২০,৫৯৭/- | ১৫,২০,৫৯৭/- | ১০০% |
| ৭ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর উপজেলা পরিষদভিত্তিক ২য় পর্যায়) | নন-সোলার | ২২ টি<br>১১ টি<br>১২ টি | ৬১,৪৭,৭১৭.০৩/-<br>৪১.০২৯৭ মেঃ টন (চাল)<br>৮২.০৫৯৫ মেঃ টন (গম) | ৬১,৪৭,৭১৭.০৩/-<br>৪১.০২৯৭ মেঃ টন (চাল)<br>৮২.০৫৯৫ মেঃ টন (গম) | -- | ১০০% |
| ৮ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা উপজেলা পরিষদভিত্তিক ২য় পর্যায়) | নন-সোলার | ২০ টি | ২৩,৫৬,২৭৬.৯৮/- | ২৩,৫৬,২৭৬.৯৮/- | -- | ১০০% |
| ৯ | ২০২২-২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি. আর উপজেলা পরিষদভিত্তিক ৩য় পর্যায়) | নন-সোলার | ১৪ টি | ২০,৭৩,৫২৪.২২/- | ২০,৭৩,৫২৪.২২/- | -- | ১০০% |
| ১০ | ২০২২-২৩ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (২য় পর্যায়) | ওয়েজ | ৯০ টি | -- | -- | -- | ১০০% |
| ১১ | | নন-ওয়েজ | ২১ টি | ৪২,৭৪,৪৬৪/- | ৪২,৭৪,৪৬৪/- | -- | ১০০% |
| ১২ | ২০২২-২৩ অর্থবছরে ভিজিএফ কর্মসূচি | ঈদ-উল-আযহা | কার্ড সংখ্যা-৭১,৯৫৫ টি | চালের পরিমাণ-৭১৯.৫৫০ মেঃ টন | চালের পরিমাণ-৭১৯.৫৫০ মেঃ টন | -- | ১০০% |



CamScanner

| উপ-কমিটির নিয়মিত আলোচনা: | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্তঃ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম চলমান। কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পার্বতীপুর শাখা'কে আহবান করা হলো। | ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>পার্বতীপুর, দিনাজপুর |
| চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান গণের ভ্রমণ বিল সংক্রান্তঃ | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩= ৩৭,৫০০/- টাকা, জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)= ৭,৫০০×৩ =২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩ =২২,৫০০/- টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে প্রদানের নিমিত্ত সভায় উপস্থাপন করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ মাস পর্যন্ত ভ্রমণ ভাতা ২০ দিন করে (৬২৫×২০)=১২,৫০০×৩=৩৭,৫০০/- টাকা, জনাব মোঃ আমিরুল মোমেনিন, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩=২২,৫০০/- টাকা এবং জনাব রুকশানা বারী রুকু, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর এর এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা ১৫ দিন করে (৫০০×১৫)=৭,৫০০×৩ =২২,৫০০/- টাকা, সর্বমোট =৮২,৫০০/- (বিরাশি হাজার পাঁচশত) টাকার ভ্রমণ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>পার্বতীপুর, দিনাজপুর |

০৩। অত:পর উপজেলা পরিষদের উপ-কমিটির নিয়মিত সভা আহবান ও সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর বরাবর প্রেরণের অনুরোধ জানিয়ে এবং আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০.৭.২০২৩

(মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
পার্বতীপুর, দিনাজপুর
ফোনঃ ০৫৩৩৪-৭৪৪৪৬

## উপজেলা পরিষদ
## পার্বতীপুর, দিনাজপুর

স্মারক নং-০৫.৫৫.২৭৭৭.০২৫.০১.০০১.২৩-১৮(৫৫)

তারিখ : ২৬ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) [জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়] :
০১। মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫ এবং উপদেষ্টা, পার্বতীপুর উপজেলা পরিষদ, দিনাজপুর
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর
০৫। জেলা প্রশাসক, দিনাজপুর
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
০৮। মেয়র, পার্বতীপুর পৌরসভা, দিনাজপুর
০৯। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১০। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর
১১। সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, দিনাজপুর
১২। উপজেলা................................................................ অফিসার, পার্বতীপুর, দিনাজপুর
১৩। চেয়ারম্যান,..............................................................ইউ.পি (সকল), পার্বতীপুর, দিনাজপুর
১৪। জনাব..................................................................................., পার্বতীপুর, দিনাজপুর
১৫। অফিস কপি

Ismail 10/07/2023

(মুহাম্মদ ইসমাঈল)
উপজেলা নির্বাহী অফিসার
পার্বতীপুর, দিনাজপুর



C:\Users\User\Desktop\Upz Par\Resolution\[illegible]

CamScanner

## র্বতীপুর উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

তারিখ ঃ ১০/০৭/২০২৩ খ্রি. সময় ঃ সকাল-১১.০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য, দিনাজপুর-৫, সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পার্বতীপুর। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, এম.পি | | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ হাফিজুল ইসলাম প্রামানিক | ১০.৭.২৩ | ০১৭১২-১১১৭২৩ |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আমিরুল মোমেনিন | | ০১৯৩৭-৩৯৯৭০৮ |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রুকশানা বারী রুকু | | ০১৭১৮-৬৭৫৫৭৫ |
| ০৫ | মেয়র, পার্বতীপুর পৌরসভা পার্বতীপুর,দিনাজপুর। | জনাব মোঃ আমজাদ হোসেন | | ০১৭১২-০৩৭৬২৯ |
| ০৬ | চেয়ারম্যান, ১নং বেলাইচন্ডি ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব কৃষিবিদ নুর মোহাম্মদ রাজা | অনুপস্থিত | ০১৭১৫-২০৫১৫০ |
| ০৭ | চেয়ারম্যান, ২নং মন্মথপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ ওয়াদুদ আলী | | ০১৭১২-০৫৬৮৭০ |
| ০৮ | প্যানেল চেয়ারম্যান, ৩নং রামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ একরামুল হক | ১০/০৭/২৩ | ০১৭১৮-৫৬০২১৮ |
| ০৯ | চেয়ারম্যান, ৪নং পলাশবাড়ী ইউ.পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ রুহুল আমীন | ১০।৭।২৩ | ০১৭৬৭-৪২১৩৬৯ |
| ১০ | চেয়ারম্যান, ৫নং চন্ডিপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মজিবর রহমান সরকার | ১০।৭।২৩ | ০১৭১৬-৭৮৪৭৭১ |
| ১১ | চেয়ারম্যান, ৬নং মোমিনপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ নজরুল ইসলাম সরকার | অনুপস্থিত | ০১৭১২-২২৫৪৪১ |
| ১২ | চেয়ারম্যান, ৭নং মোস্তফাপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মতিয়ার রহমান প্রামানিক | | ০১৮৪-৮৩৮৩১৭৫ |
| ১৩ | চেয়ারম্যান, ৮নং হাবড়া ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুজ্জামান সরকার | | ০১৭৬১-৫৮৭৮১১ |
| ১৪ | চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব রেজওয়ানুল হক | অনুপস্থিত | ০১৭৪২-৪১৯৩০০ |
| ১৫ | চেয়ারম্যান, ১০নং হরিরামপুর ইউ,পি, পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ মোজাহিদুল ইসলাম | অনুপস্থিত | ০১৭৪০-৮৮৫২৭৭ |
| ১৬ | পৌরসভা ও ৩নং রামপুর ইউ,পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মালেকা জালাল | | ০১৭১৮-৩৩৩৯৬০ |
| ১৭ | ১,২,৬ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ লিপা খাতুন | অনুপস্থিত | ০১৭৮০-৮৪৪৮৮১ |
| ১৮ | ৫,৭,৮ নং ইউ, পির সংরক্ষিত সদস্য, পার্বতীপুর। | জনাব মোছাঃ তাহুকিনা খাতুন | অনুপস্থিত | ০১৭২২-২০০৯৪০ |

CamScanner

# [illegible]র্বতীপুর উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

[illegible]র তারিখ ঃ ১০/০৭/২০২৩ খ্রি. সময় ঃ সকাল-১১.০০ ঘটিকা

| ক্রঃ নং | পদবী | নাম | (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) স্বাক্ষর | মোবাইল নং |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মুহাম্মদ ইসমাঈল | | ০১৭৬১-৪৯৩৫৩১ |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ হামদুল্লাহ | | ০১৭০১-০০৬৯৬৩ |
| ৩. | উপজেলা কৃষি অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ রাজিব হুসাইন | | ০১৭১২-৯৫৬২৯৭ |
| ৪. | উপজেলা প্রাণী সম্পদ অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ডাঃ মোঃ মাহফুজার রহমান | | ০১৭১২-২৮৬০৯৪ |
| ৫. | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু জাফর মোঃ সায়েম | | ০১৭১৯-০৩৮৮৩২ |
| ৬. | উপজেলা প্রকৌশলী এলজিইডি পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আহসান হাবীব | | ০১৭০৮-১৬১৬১৩ |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আশরাফুল হক প্রধান | | ০১৭১৭-১৩৯৮২৪ |
| ৮. | উপজেলা শিক্ষা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব ক. খ. মোঃ আলাওল হাদী | | ০১৭১২-৭০২৫২৫ |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব আবু মুসা মোহাম্মদ হাসান | | ০১৭১৪-৫৫০৮৬৯ |
| ১০. | উপজেলা সমাজসেবা অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব তাপস রায় | | ০১৭৩১-৫২১৪৩৭ |
| ১১. | উপজেলা পঃ পঃ অফিসার (অঃ দাঃ) পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ জাকিরুল ইসলাম | | ০১৭২৪-০৮০৪১৪ |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব খন্দকার শাকিনা বিনতে শরীফ | | ০১৭১৮-০১৭৩২৯ |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আব্দুর রব প্রামানিক | | ০১৭১৮-৩৩০৯২৫ |
| ১৪. | উপজেলা যুব উন্নয়ন অফিসার পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ আনিসুর রহমান | | ০১৭১২-৬৭০৪৮৯ |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (অঃ দাঃ), পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ শফিউল ইসলাম | | ০১৭০০-৭১৭১৯০ |
| ১৬. | রেঞ্জ অফিসার, মধ্যপাড়া রেঞ্জ পার্বতীপুর, দিনাজপুর। | জনাব মোঃ উজ্জল হোসাইন | | ০১৭১৭-৪৭৭৪৫১ |
| ১৭. | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আমিনুর রহমান | | ০১৭১৮-০৪২০৪৮ |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ নাসিম হাসান | | ০১৬৪৪-৩৩২৮৪৮ |
| ১৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ অফিসার পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আফান আলী | | ০১৭১৫-২৮৪৮০৩ |
| ২০. | অধ্যক্ষ, পার্বতীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আহছান হাবিব | | ০১৭১৬-৫০৯৪৬০ |
| ২১. | ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ পার্বতীপুর শাখা, দিনাজপুর | জনাব মোকাদ্দেছ হোসেন | অনুপস্থিত | ০১৭৫৫-৫৮৪৮২১ |
| ২২. | আবাসিক প্রকৌশলী, নেসকো লিঃ পার্বতীপুর, দিনাজপুর | জনাব কাওছার আহম্মেদ খান | অনুপস্থিত | ০১৭৫৫-৫৮৪৯০৮ |
| ২৩. | ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-২, পার্বতীপুর | জনাব মোঃ এহতেশামুল হক | | ০১৭৬৯-৪০০১৪৩ |
| ২৪. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ পার্বতীপুর, দিনাজপুর | জনাব এ,কে,এম আব্দুল মঈন | | ০১৭৫০-১৭২৯৭২ |
| ২৫. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ নাজিম উদ্দীন সরকার | | ০১৭৩৭-১৪১১৮১ |
| ২৬. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ মোত্তালেব হোসেন | | ০১৭৯৭-৭৭৫৭৫৩ |
| ২৭. | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আব্দুল মতিন | | ০১৭২৩-১৬৫৩৪১ |
| ২৮. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোছাঃ আফরোজা খাতুন | | ০১৭৩৩-৮৮৯২৭৯ |
| ২৯. | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF) ইউজিডিপি, পার্বতীপুর, দিনাজপুর | জনাব মোঃ আখতার আহসান | | ০১৭২৭-৮৬০১৭১ |

CamScanner